দৈনিক জনকণ্ঠ

তারিখ : 17 FEB 2016
পৃষ্ঠা : 28 কলাম : 9

# ক্লাস না করা শিক্ষার্থীদের পরীক্ষা না নেয়ার সিদ্ধান্ত

**রাবি সংবাদদাতা ॥** শিক্ষকদের অনড় সিদ্ধান্তে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) আইন বিভাগের প্রথম বর্ষের ও দ্বিতীয় বর্ষের ক্লাস না করা শতাধিক শিক্ষার্থী অনশন কর্মসূচী স্থগিত করেছেন। মঙ্গলবার বেলা সাড়ে ১২টায় বিভাগের এ্যাকাডেমিক কমিটির সভা শেষে শিক্ষকরা বাদ পড়াদের 'পরীক্ষা না নেয়ার' সিদ্ধান্ত জানালে তারা আন্দোলন স্থগিত করেন। জানা যায়, বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় ক্লাস উপস্থিতি না থাকায় প্রথম বর্ষের ৫৯ জন ও

## রাবির আইন বিভাগ

দ্বিতীয় বর্ষের ৪৫ জন শিক্ষার্থীকে পরীক্ষায় বসার সুযোগ দেয়া হয়নি। এর মধ্যে প্রথম বর্ষের পরীক্ষা সোমবার থেকে শুরু হয়েছে।

পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দাবিতে রবিবার বেলা ১১টা থেকে আইন বিভাগের সভাপতির কক্ষের সামনে অনশন ও অবস্থান কর্মসূচী পালন করছিলেন তারা।

আইন বিভাগের সভাপতি অধ্যাপক আবু নাসের মোহাম্মদ ওয়াহিদ বলেন, মঙ্গলবার বেলা ১১টায় অনুষ্ঠিত বিভাগীয় এ্যাকাডেমিক কমিটির জরুরী সভায় প্রয়োজনীয় ক্লাস উপস্থিতি না থাকা শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া সম্ভব নয় বলে সিদ্ধান্ত হয়। ফলে তাদের প্রথম বর্ষের সঙ্গেই থাকতে হবে। তবে আমরা সব বর্ষের দ্রুত পরীক্ষা নেয়ার ব্যবস্থা গ্রহণ করব, যেন পিছিয়ে পড়া শিক্ষার্থীরা সেশনজটে না পড়ে।